



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/৪২০

তারিখ : ০৪/১১/২০২১ খ্রি.

২০২১ সালের এইচএসসি পরীক্ষার অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল সংরক্ষণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।

উচ্চমাধ্যমিক পরীক্ষা-২০২১ এর সকল ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো যাচ্ছে যে, গত ২০২০ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য যেসব অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদিসহ অন্যান্য মালামাল বোর্ড হতে সরবরাহ করা হয়েছিলো, সেসব সংরক্ষিত অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদিসহ অন্যান্য মালামাল যথাযথভাবে যাচাই করার জন্য বলা হলো। যদি কোন উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদিসহ অন্যান্য মালামাল বিনষ্ট হয়ে থাকে, তবে তার প্রকৃত কারণ উল্লেখসহ ২০২১ সনের পরীক্ষা পরিচালনার কাজে কোন উপকরণ প্রয়োজন হলে (বিশেষ করে মূল উত্তরপত্র এবং MCQ এর OMR) এর সংখ্যা উল্লেখ করে অত্র বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইলে আগামি ১৫/১১/২০২১ তারিখের মধ্যে পত্র দ্বারা জানানোর জন্য অনুরোধ করা হলো।

তথ্য জানানোর নির্ধারিত ই-মেইল : conbisemym@gmail.com

প্রাপকঃ

ভারপ্রাপ্ত কর্মকর্তা,

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২১ সালের

উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল পরীক্ষা কেন্দ্র।

স্বাক্ষর ০৪.১১.২০২১

(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৫

E-mail : conbisemym@gmail.com